

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**
Date: 20-11-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

PM-G-20 :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রিও-ডি-জেনেরীয়তে G-20 শীর্ষ সম্মেলনে যোগদানের পর তিনিদিনের সফরের জন্য গায়ানার উদ্দেশ্যে রওনা হয়েছেন। ১৯৬৮ সালের পর থেকে কোন ভারতীয় প্রধানমন্ত্রীর এটি প্রথম গায়ানা সফর। শ্রী মোদী জর্জ টাউনে গায়ানার রাষ্ট্রপতি ড: মহম্মদ ইরফান আলী সাথে আলোচনায় যোগদান করবেন। শ্রী মোদী দ্বিতীয় কেরিকম ইন্ডিয়া শীর্ষ সম্মেলনে অংশ গ্রহণ করবেন এবং কেরিকম সদস্যভুক্ত দেশগুলির নেতাদের সাথেও আলোচনা করবেন।

Maharashtra Election :

মহারাষ্ট্রের ২৮৮ আসনের জন্য আজ এক পর্যায়ে নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। এবার মোট চার হাজার একশ ছত্রিশ জন প্রতিদ্বন্দ্বী নির্বাচনের আসরে রয়েছেন। মহারাষ্ট্র মুখ্য নির্বাচনী আধিকারিক এস চোকালিঙ্গম জানিয়েছেন রাজ্যে প্রায় পাঁচ লক্ষ নির্বাচন কর্মী এবং এক লক্ষ চারশ ষৃষ্টি ভোট গ্রহণ কেন্দ্র রয়েছে। তিনি ভোটারদের তাদের ঘর থেকে বের হয়ে আজ রাজ্য বিধানসভা নির্বাচনে ভোট দেওয়ার জন্য আবেদন করেছেন। ভোটগ্রহণ সকাল সাতটায় টায় শুরু হবে এবং শেষ হবে ছয়টায়, কিছু স্পর্শকাতর এলাকায় ভোটগ্রহণ শেষ হবে বিকাল ৩টায়। তিনি বলেন, কোনো কারণে ভোটাররা ভোটকেন্দ্রে পৌঁছাতে না পারলে অন্তত সন্ধ্যা ৬টার আগে পৌঁছাতে হবে। তিনি আরও বলেন, যারা সন্ধ্যা ৬টায় লাইনে দাঁড়িয়ে থাকবেন তারা তাদের

ভোটাধিকার প্রয়োগের সুযোগ পাবেন। যারা আগে বা সন্ধ্যা ৬টার মধ্যে লাইনে দাঁড়াবেন তারা ভোট দেওয়ার সুযোগ পাওয়ার পরেই ভোটের কাজ শেষ হবে এবং বুথ বন্ধ হয়ে যাবে।

এছাড়া, মহারাষ্ট্রের নান্দের সংসদীয় আসন, তথা পাঞ্চাব, উত্তর প্রদেশ, কেরল, এবং উত্তরাখণ্ডের মোট ১৫টি বিধানসভা আসনের জন্য উপনির্বাচন আজ অনুষ্ঠিত হচ্ছে। সবকয়টি রাজ্যেই ভোট গননা হবে আগামী ২৩শে নভেম্বর।

2nd and final phase of election in Jharkhand :

ঝাড়খণ্ডে বিধানসভা নির্বাচনের দ্বিতীয় ও চূড়ান্ত পর্বের জন্য ভোট গ্রহণ শুরু হয়েছে। আজ এই পর্বে ৩৮টি আসনে ভোট হচ্ছে। সকাল সাতটা থেকে শুরু হয়ে বিকাল পাঁচটা পর্যন্ত ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। সংবেদনশীল বুথে, বিকাল চারটা পর্যন্ত ভোটগ্রহণ করা হবে। এই পর্বে ১২টি জেলার মোট ৩৮টি আসনে ভোট হচ্ছে। ৫৫ জন মহিলা সহ ৫২৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। এক কোটি ২৩ লাখের বেশি ভোটার এই প্রার্থীদের রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করবেন।

Governor :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, ত্রিপুরার গ্রামীন অর্থ নীতির বিকাশে রাবার চাষের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তিনি গতকাল আগরতলায় রাবার বোর্ডের অফিস পরিদর্শনকালে সাংবাদিকদের একথা বলেন। তিনি বলেন, ভারতে রাবার উৎপাদনে কেরালার পরেই রয়েছে ত্রিপুরা এবং তিনি বলেন, রাবার চাষ ও প্রাকৃতিক রাবার উৎপাদন আরও বৃদ্ধি করার ব্যপারে রাবার বোর্ডের গবেষক ও বিজ্ঞানীরা কাজ করছেন।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৪শে নভেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১১৬তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my govt open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

43rd Agartala Book Fair :

আগামী দোসরা জানুয়ারী থেকে ১৩ দিনব্যাপী ৪৩তম আগরতলা বইমেলা হাঁপানিয়ার আন্তর্জাতিক মেলা প্রাঞ্জনেই হবে। গতকাল আগরতলার মুক্তধারা অডিটরিয়ামে বইমেলা পরিচালন কমিটির সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়। এবারের বইমেলার থিম হবে বিশ্ব শান্তির উপর।

Hamsafar Express :

১২৫০৪ আগরতলা- ব্যঙ্গালুরু এস এম ভি টি হামসফর এক্সপ্রেস ট্রেনটির চাকার ব্র্যাক বাইস্ট্রিং এ আগুনের ফুলকি দেখা দেওয়ায় ট্রেনটিকে আসামের ধারামটুল ষ্টেশনের কাছে গতকাল রাতে থামিয়ে দেওয়া হয়। NF Railway র মুখ্য জনসংযোগ আধিকারীক কপিঞ্জল কিশোর শর্মা জানিয়েছেন, তবে উদ্বেগের কিছু নেই, প্রয়োজনীয় মেরামত করা হয়েছে। রাতেই ট্রেনটি পুনরায় গন্তব্যে রওয়ানা হয়েছে বলে জানানো হয়।

Cabinet Meeting :

রাজ্য পুলিশ ও টি.এস.আর জওয়ানদের বাংসরিক পোষাক ভাতা বৃদ্ধির জন্য রাজ্য মন্ত্রিসভার বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বৈঠক শেষে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী সাংবাদিক সম্মেলনে জানান, রাজ্য পুলিশের বাংসরিক পোষাক ভাতা ৭ হাজার ৫০০ টাকা থেকে বাড়িয়ে ৯ হাজার ৫০০ টাকা করা হয়েছে। রাজ্য পুলিশের মাসিক রেশনমানিও ১ হাজার টাকা থেকে বাড়িয়ে ২ হাজার টাকা করা হয়েছে। তাছাড়া মন্ত্রিসভার বৈঠকে টিএসআর জওয়ানদের বাংসরিক পোষাক ভাতা ১০ হাজার টাকা থেকে বাড়িয়ে ১২ হাজার টাকা ও মাসিক রেশনমানি ১ হাজার টাকা থেকে বাড়িয়ে ২ হাজার টাকা করা হয়েছে।

Santosh Trophy :

সন্তোষ ট্রফি জাতীয় সিনিয়র ফুটবল প্রতিযোগিতার ডি-গ্রুপ থেকে মণিপুর চূড়ান্ত পর্বে খেলার ঘোষ্যতা অর্জন করেছে। গতকাল উমাকান্ত মিনি স্টেডিয়ামে তৃতীয় তথা শেষ রাউন্ডের নির্ণয়ক খেলায় মণিপুর ২-০ গোলে স্বাগতিক ত্রিপুরাকে পরাজিত করে।

Weather :

আজ আকাশ আংশিক মেঘলা থাকবে। সকালের দিকে কুয়াশা পরিলক্ষিত হয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে আগরতলায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৮ ডিগ্রি সেলসিয়াস।
